*Learn from Senior, Teach that Junior*

# RAJSHAHI JUNIOR PROGRAMMERS

Talaimari, Rajshahi, Bangladesh

jp.rajshahi24@gmail.com , /jp.rajshahi

Source: RJP/2507/B1 Date: 07/07/2025

## RJP Tech Olympia 2025 (আইসিটি প্রতিযোগিতা)

রুয়েট, রাবি ও বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিচালিত স্বেচ্ছাসেবী আইসিটি ক্লাব রাজশাহী জুনিয়র প্রোগ্রামার্স (আরজেপি)'র উদ্যোগে এবং IEEE APS Rajshahi University Student Branch এর সহযোগিতায় অনুষ্ঠিত হতে যাচ্ছে RJP Tech Olympia 2025 আইসিটি প্রতিযোগিতা। এই ইভেন্টের অংশ হিসেবে থাকছে **আইসিটি অলিম্পিয়াড, পাজেল কম্পিটিশন এবং প্রোগ্রামিং ও আইসিটি কর্মশালা**। রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হতে যাওয়া এই প্রতিযোগিতায় আগ্রহী সকলকে রেজিস্ট্রেশন করার আহ্বান জানানো হচ্ছে।

**কারা অংশ নিবে:** রাজশাহী বিভাগের যেকোনো শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত **৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির** শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে। ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির শিক্ষার্থীরা জুনিয়র ক্যাটাগরি এবং ৯ম-১০ম শ্রেণির শিক্ষার্থীরা সিনিয়র ক্যাটাগরি হিসেবে বিবেচিত হবে। একই ক্যাটাগরির শিক্ষার্থীদের মধ্যে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

**আইসিটি অলিম্পিয়াড:** এটি RJP Tech Olympia 2025 এর মূল সেগমেন্ট। আইসিটি অলিম্পিয়াডের রেজিস্ট্রেশনকারী সকল শিক্ষার্থীকে নিয়ে অনুষ্ঠিত হবে আইসিটি অলিম্পিয়াড: প্রিলিমিনারি রাউন্ড (সম্ভাব্য তারিখ: ১৫ আগস্ট, ভেন্যু জানানো হবে)। এতে উত্তীর্ণ শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত হবে আইসিটি ও প্রোগ্রামিং ওয়ার্কশপ। প্রিলিমিনারিতে উত্তীর্ণ শিক্ষার্থীরা আইসিটি অলিম্পিয়াডের ফাইনাল রাউন্ডে অংশগ্রহণ করবে, যেটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং অনুষদে অনুষ্ঠিত হবে (সম্ভাব্য তারিখ: ২৮ অথবা ২৯ আগস্ট)। ফাইনাল রাউন্ডে বিজয়ী শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত হবে "আরজেপি গ্র্যান্ড ক্যাম্প" (কর্মশালা)।

আইসিটি অলিম্পিয়াড এমসিকিউ পদ্ধতিতে টিক চিহ্নের মাধ্যমে অনুষ্ঠিত হবে। প্রিলিমিনারিতে নেগেটিভ মার্কিং থাকবেনা, ফাইনাল রাউন্ডে ২৫% নেগেটিভ মার্কিং থাকবে। অলিম্পিয়াডের প্রস্তুতিতে প্রাথমিকভাবে ক্যাটাগরির আইসিটি বইগুলো দেখা যেতে পারে। তবে ভালো করতে হলে সি ও পাইথন প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ সম্পর্কে ধারণা এবং বিভিন্ন গাণিতিক ও বিশ্লেষণধর্মী দক্ষতা প্রয়োজন হবে। শুধুমাত্র মুখস্তভিত্তিক প্রস্তুতি নিতে নিরুৎসাহিত করা হচ্ছে।

**ট্রেনিং ওয়ার্কশপ ও ক্যাম্প:** আইসিটি অলিম্পিয়াডে প্রিলিমিনারি ও ফাইনাল রাউন্ডে উত্তীর্ণ শিক্ষার্থীদের নিয়ে ধাপে ধাপে ওয়ার্কশপ ও ক্যাম্প অনুষ্ঠিত হবে। শুধু প্রতিযোগিতা আয়োজন নয়, বরং শিক্ষার্থীদের যুগোপযোগী কিছু শেখানোর প্রয়াসে আরজেপি কাজ করে। শিক্ষার্থীদের প্রযুক্তিভিত্তিক ও বিশ্লেষণধর্মী দক্ষতা এবং প্রোগ্রামিং এর জ্ঞান বৃদ্ধিতে এই কর্মশালাগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**পাজেল কম্পিটিশন:** এই প্রতিযোগিতার জন্য কোনো প্রিলিমিনারি রাউন্ড নেই। RJP Tech Olympia 2025 এর মূল অনুষ্ঠানে এই প্রতিযোগিতা সরাসরি অনুষ্ঠিত হবে। ক্যাটগরি ও বয়স অনুযায়ী বিশ্লেষণধর্মী দক্ষতা যাচাইয়ে যেকোনো ধরনের পাজেল দেয়া থাকতে পারে। আইসিটি অলিম্পিয়াডের প্রিলিমিনারিতে উত্তীর্ণ সকল শিক্ষার্থী এতে অংশ নিতে পারবে।

**রেজিস্ট্রেশন:** আইসিটি অলিম্পিয়াডে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন লিংক: **https://tinyurl.com/rjptecholympia25**. এতে রেজিস্ট্রেশন বাবদ শুভেচ্ছা মূল্য ৬০ টাকা। রেজিস্ট্রেশন ফি পরিশোধের বিস্তারিত তথ্য ফর্মে দেয়া আছে। আইসিটি অলিম্পিয়াডের প্রিলিমিনারিতে উত্তীর্ণ শিক্ষার্থীরা আইসিটি অলিম্পিয়াড ফাইনাল রাউন্ডের পাশাপাশি পাজেল কম্পিটিশনে অংশ নিতে পারবে।

**প্রবেশপত্র ও রেজাল্ট:** রেজিস্ট্রেশনের সময় প্রদত্ত ইমেইল আইডিতে প্রিলিমিনারি ও ফাইনাল রাউন্ডের প্রবেশপত্র পাঠানো হবে। শিক্ষার্থীরা উক্ত প্রবেশপত্র প্রিন্ট করে নিয়ে আসবে। কেউ প্রবেশপত্র না পেয়ে থাকলে, আরজেপি'র ফেসবুক পেইজে যোগাযোগ করবে। প্রিলিমিনারি রাউন্ডের রেজাল্ট ও বিভিন্ন আপডেট আরজেপি'র ফেসবুক পেইজে দেয়া হবে। তাই সকলকে পেইজে যুক্ত থাকার অনুরোধ করা হলো। ফেসবুক পেইজ: **https://www.facebook.com/jp.rajshahi**

আইসিটি অলিম্পিয়াডের রেজিস্ট্রেশন

আরজেপি'র ফেসবুক পেইজ